দর্শনা চেকপোস্টে বিজিবি ঘুষিতে মাইক্রো চালক আহত

চুয়াডাঙ্গার দর্শনা আন্তজার্তিক চেকপোস্টে ক্যান্সার রোগীকে নামানোর ঘটনায় মন্টু মিয়া (৪০) নামে এক ড্রাইভারকে মুখে ঘুষি মেরে রক্তাক্ত জখম করার অভিযোগ উঠেছে ৬ বিজিবি সদস্যদের বিরুদ্ধে।

আজ সোমবার (৩০ ডিসেম্বর) সকাল ৯টার দিকে দর্শনা সীমান্তের চেকপোস্টের আইসিপি ভবনের সামনে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী ও স্থানীয়রা জানায়, ঝিনাইদহের কালিগঞ্জ প্রেসক্লাবের সাধারন সম্পাদক ও মানবজমিন পত্রিকার প্রতিনিধি তোফাজ্জেল হোসেন তপু তার ক্যান্সার আক্রান্ত মাকে নিয়ে মাইক্রোবাসযোগে দর্শনা আন্তজার্তিক চেকপোস্টে পৌছান। এসময় কাস্টমস-ইমিগ্রেশনের কার্যক্রম শেষ করে আইসিপির সামনে মাইক্রোবাস থামিয়ে রোগীকে নামানো হচ্ছিল। আইসিপি ভবনের সামনে মাইক্রোবাস দাঁড়িয়ে থাকতে দেখে ক্ষুব্ধ হন বিজিবি সদস্যরা। সে সময় ওই মাইক্রোবাসের চালক মন্টু মিয়ার সাথে বিজিবির নায়েক সুবেদার আইসিপি ইনচার্জ মোহাম্মদ জামাল ও নায়েক আব্দুল মান্নানের সাথে তর্কবিতর্ক হয়। এক পর্যায়ে নায়েক আব্দুল মান্নান চালক মন্টুকে স্বজরে মুখে ঘুষি মারে। এতে চালকের বাম চোখের কপালের ভ্রু কেটে যায়। ৬ বিজিবি সদ্যস্যরা পরে তাকে বিশ্রামাগারে নিয়ে চিকিৎসা দেয়। স্থানীয় এক চিকিৎসক তাকে একটি সেলাই দেয়।

ঝিনাইদহের কালিগঞ্জ প্রেসক্লাবের সাধারন সম্পাদক ও মানবজমিন পত্রিকার প্রতিনিধি তোফাজ্জেল হোসেন তপু অভিযোগ করে বলেন, আমার মা একজন ক্যান্সার রোগী। তিনি ঠিকমতো চলাফেরা করতে পারেন না। তাই মাইক্রোবাসযোগে তাকে কাস্টমস ইমিগ্রেশনের কাজ শেষ করা হয়। এরপর বর্ডার পার হওয়ার জন্য রোগীকে ভ্যানে তুলতে গেলে মাইক্রোবাস দাড়ানো দেখে ক্ষিপ্ত হয় বিজিবি সদস্যরা। পরিচয় দেয়ার পরও চড়াও হন তারা। অসুস্থ রোগী থাকা সত্বেও চালককে ঘুষি মারেন তারা। রক্তাক্ত জখম হলে চোখের ভ্রুতে একটি সেলাই দিতে হয়েছে।

এ বিষয়ে দর্শনা আইসিপি চেকপোস্ট ইনচার্জ নায়েক সুবেদার

মোহাম্মদ জামাল বলেন, গাড়ি প্রবেশ নিয়ে বিজিবির সৈনিকদের সাথে চালকের মধ্যে সামান্য কথা কাটাকাটি হয়। পরে স্থানীয় সাংবাদিকদের মধ্যস্থতায় বিষয়টির মীমাংসা হয়ে গেছে।

চুয়াডাঙ্গা ৬ বিজিবির অধিনায়ক পরিচালক লে. কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান জানান, বিষয়টি শুনেছি। তদন্ত করে ব্যবস্থা নেয়া হবে।

রাজধানীতে ৪ সাংবাদিকদের ওপর হামলার প্রতিবাদে দর্শনায় মানববন্ধন

রাজধানীর বাংলামোটরে দৈনিক জনবাণী পত্রিকার সম্পাদক ও প্রকাশক শফিকুল ইসলাম, ব্যবস্থাপনা সম্পাদক রাজু আহমেদ শাহ, বিশেষ প্রতিনিধি বশির হোসেন খান এবং অনলাইন মাল্টিমিডিয়া সম্পাদক আতাউর হোসেনের ওপর সন্ত্রাসী হামলার প্রতিবাদে মানববন্ধন করেছে দর্শনা প্রেসক্লাবের সাংবাদিকরা।

আজ রোববার(২৯ ডিসেম্বর) বিকালে দর্শনা প্রেসক্লাবের সামনে দর্শনা থানার সর্বস্তরের সাংবাদিকবৃন্দ এ মানববন্ধন কর্মসুচিতে অংশ গ্রহন করেন। মানববন্ধনে হামলাকারীদের গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানানো হয়।

মানববন্ধনে দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মো: ওসমানের সভাপতিত্বে দর্শনা প্রেসক্লাব সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক হানিফ মন্ডলের সঞ্চালনায়, বক্তব্য রাখেন, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি আব্দুল আওয়াল, হোসেন, সিনিয়র সাংবাদিক মনিরুজ্জামান সুমন, চন্চল মেহবুব, নজরুল ইসলাম, আহসান হাবিব মামুন, রাজিব মল্লিক, হাসমত আলী, ইমতিয়াজ রয়েল, ওয়াসিম রয়েল, ফরহাদ হোসেন, আব্দুল আলিম, আবিদ হাসান রিফাত, আব্দুল হান্নান, বিল্লাল হোসেন, আসিম সাইফ, জালাল উদ্দিন।

এ সময় বক্তরা বলেন, গত ২৫ শে ডিসেম্বর বিকাল সাড়ে ৪ টার দিকে বাংলা মোটর মোড়ে হঠাৎ করে ২৫/৩০ জন একদল সন্ত্রাসী রড লাঠিসোটা নিয়ে অর্তিকিত হামলা চালায়। এ হামলার প্রতিবাদে দর্শনার সাংবাদিকরা বলেন এক সপ্তাহের মধ্যে তাদেরকে গ্রেফতার করতে হবে। তা না হলে কঠোর আন্দলোনের হুশিয়ারি দেন।

এসময় দর্শনার সর্বস্তরের প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়ার সাংবাদিকরাও উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় সৌদিয়ান রিসোর্টের শুভ উদ্বোধন

দর্শনা চুয়াডাঙ্গা মহাসড়কের পাশে ডুগডুগি হাটের নিকটবর্তী স্থানে সৌদিয়ান নামে একটি রিসোর্টের শুভ উদ্বোধন হয়েছে।

আজ শুক্রবার বিকাল ৫টায় এ রিসোর্টের উদ্বোধন করেন রিসোর্টের মালিক মতিয়ার রহমান। উদ্বোধনী অনুষ্ঠানের শুরুতেই কোরান তেলোয়াত করেন, কেরুজ জামে মসজিদের পেশ ঈমাম মাওঃ শামসুজ্জোহা আজাদী।

এ অনুষ্ঠানে অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা পৌর বিএনপির সাবেক সিনিয়ার সহ-সভাপতি ও প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট, জেলা শ্রমিক দলের সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সাবু তরফদার, দর্শনা কেরুজ শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সাবেক সভাপতি তৈয়ব আলী, হাজী জাহিদুল ইসলাম, দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক মশিউর রহমান, মাহবুবুল আলম খোকন, ইবকাল হোসেন, শরীফ উদ্দিন, নাহারুল ইসলাম মাষ্টার, লুৎফর রহমান, কুড়ালগাছী ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রশিদ ও আব্দুল খালেক প্রমুখ।

আলমডাঙ্গায় ধর্ষণ মামলার আসামী আশরাফুল গ্রেফতার

আলমডাঙ্গায় ছেলের নামে দায়েরকৃত ধর্ষণ মামলায় পিতা আশরাফুল ইসলামকে গ্রেফতার করেছে পুুলিশ। ছেলে আরাফাত ৩ বছর ধরে প্রেমিকার সাথে মেলামেশা করে বিয়ে না করায় গত ১৯ ডিসেম্বর ভুক্তভোগী বিয়ের দাবীতে ওই বাড়িতে গেলে তাকে মেরে বাড়ি থেকে বের করে দেয়। এ ঘটনায় প্রেমিকা বাপ-ছেলের নামে আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করেন । ওই মামলায় গত ২৬ ডিসেস্বর ছেলের পিতা আশরাফুল ইসলামকে গ্রেফতার করেছে পুলিশ।

এজাহার সুত্রে জানা গেছে, প্রায় ৩ বছর আগে আরাফাতের সাথে এক কলেজছাত্রীর প্রেমের সম্পর্ক গড়ে উঠে। এরপর তাদের মধ্যে বিভিন্ন জায়গায় দেখা ও কথা বার্তা হয়েছে। এক পর্যায়ে আরাফাত বিয়ের প্রলোভন দেখিয়ে কলেজছাত্রীর সাথে শারীরিক সম্পর্ক গড়ে তোলে । তাকে ব্লাক মেইল করে তার নিকট টাকা দাবী করে আসছিল। টাকা দিতে না চাইলে আরাফাত বিয়ে করবে না বলে জানায় । কয়েকদিন আগেও আরাফাত মিথ্যা কথা বলে বাড়িতে ডেকে নিয়ে গিয়ে জোরপূর্বক শারীরিক সম্পর্ক করেছে বলে এজাহারে উল্লেখ করা হয়েছে । এ সময় প্রেমিকার হাতে থাকা মোবাইল ফোনটিও আরাফাত রেখে দেয়। এরই মাঝে প্রেমিকা জানতে পারে তার প্রেমিক তাকে বিয়ে না করে অন্য মেয়েকে বিয়ে করছে। এ সংবাদ শুনে ওই কলেজছাত্রী গত ১৯ ডিসেম্বর প্রেমিক আরাফাতের বাড়িতে বিয়ের দাবীতে অবস্থান নেয়। পরে আরাফাতের পরিবারের লোকজন তাকে বাড়ি থেকে মারধর করে বের করে দেয়।

এ ঘটনার পর প্রেমিকা কলেজছাত্রী বাদী হয়ে আলমডাঙ্গা থানায় প্রেমিক আরাফাত ও তার পিতা আশরাফুল ইসলামকে আসামী করে মামলা দায়ের করে। ওই মামলায় আলমডাঙ্গা থানার এসআই কাজী সামসুল আলম গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে আশরাফুল ইসলামকে গ্রেফতার করে নিয়ে আসে। আজকেই তাকে সংশ্লিষ্ট মামলায় জেল হাজতে প্রেরন করেছে।

দামুড়হুদায় ”শুভ সাধু সংঘ ও পাগল মেলা” অনুষ্ঠিত

আশেকান প্রয়াণ সাধু জাহিদ পাগলের প্রথম স্মরণ দিবস উপলক্ষে দামুড়হুদা উপজেলার ইব্রাহিমপুর গ্রামে শুভ সাধু সংঘ ও পাগল মেলায় আশেকানদের সংগীত প্রতিযোগিতা-২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (২৭ ডিসেম্বর) রাত ৮ টায় উপজেলার জুড়ানপুর ইউনিয়নের ইব্রাহিমপুর গ্রামের মীরপাড়ায় এ অনুষ্ঠিত হয়।

তৌহিদুল ইসলাম মাষ্টারের সভাপতিত্বে পাগল মাস্তান আশেকান ভক্তবৃন্দর আয়োজনে ও নাজমা পারভীন মঞ্জুর সার্বিক তত্বাবধানে অনুষ্ঠিত শুভ সাধু সংঘ ও পাগল মেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম, জুড়ানপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ইদ্রিস আলী, সাধারণ সম্পাদক রুহুল আমিন, সাংগঠনিক সম্পাদক আসলাম আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির যুগ্ন-সাধারণ সম্পাদক আনছার আলী, উপজেলা কৃষকদলের যুগ্ম-সাধারণ সম্পাদক আতিয়ার রহমান চুন্নু, কৃষকদলের নেতা রোকনুজ্জান তোতাম, শামসুল আলম, উপজেলা যুবদলের যুগ্ন-আহ্বায়ক তারিকুল ইসলাম লিটন।

উদ্বোধনী সংগীত পরিবেশন করেন বিশেষ অতিথি জেলা বাউল কল্যান সংস্থার সাধারণ সম্পাদক মুসলিম উদ্দিন জুড়ন শাহ। আরো উপস্থিত ছিলেন, আব্দুর রাজ্জাক, ফরহাদ, রাজন, আ: মজিদ, খায়রুল ও বকুল মীর।

চুয়াডাঙ্গায় ট্রেনে কাটা পড়ে যুবক নিহত

চুয়াডাঙ্গায় ট্রেনে কাটা পড়ে হিরন শেখ (৩৫) নামে এক যুবক নিহত হয়েছেন।বৃহস্পতিবার দুপুর ২টার দিকে চুয়াডাঙ্গা শহরের রেলগেট এলাকায় এ দুর্ঘটনা ঘটে।নিহত হিরন শেখ চুয়াডাঙ্গা দৌলতদিয়ার দক্ষিণপাড়ার শহিদুল ইসলামের ছেলে।

চুয়াডাঙ্গা রেলওয়ে পুলিশ ফাঁড়ির ভারপ্রাপ্ত কর্মকর্তা উপ-পরিদর্শক (এসআই) জগদীশ চন্দ্র বসু এ বিষয়টি নিশ্চিত করেছেন।তিনি জানান, খুলনা থেকে ছেড়ে আসা চিলাহাটিগামী রকেট মেইল ট্রেনে দুপুরে ২টার দিকে কাটা পড়ে এক যুবকের মৃত্যু হয়। প্রাথমিকভাবে তার নাম হিরন বলে জেনেছি। তিনি পেশায় অটোরিক্সা চালক ছিলেন।

স্থানীয় সুত্রে জানা যায়, নিহত হিরন কিছুদিন আগে সৌদি আরব থেকে জেল হাজত খেটে বাড়ি আসে। বাড়ি আসার পর থেকেই হিরন মানসিকভাবে অসুস্থ হয়ে যায়। সে অটোরিকশা চালক হিসেবে জীবনযাপন করতো বলে জানা গেছে। ঘটনাস্থল থেকে নিহতের মস্তক বিচ্ছিন্ন মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালের মর্গে নেওয়া হয়েছে। এ বিষয়ে পরবর্তী আইনি কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

চুয়াডাঙ্গা বিএইচএএ জেলা শাখার কমিটি গঠন

বাংলাদেশ হেলথ্ এসিস্ট্যান্ট এসোসিয়েশন চুয়াডাঙ্গা জেলা শাখার ২৫সদস্য বিশিষ্ট দ্বি-বার্ষিক কমিটি গঠন করা হয়েছে।

বুধবার (২৫ডিসেম্বর) সকাল ১০টার দিকে চুয়াডাঙ্গা সিভিল সার্জন অফিসের সভাকক্ষে এসোসিয়েশনের জেলা কমিটির সাবেক সভাপতি মো আনিসুজ্জামান মালিকের সভাপতিত্বে জরুরি সভা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ হেলথ্ এসিস্ট্যান্ট এসোসিয়েশনের জেলা শাখার আয়োজনে

সকল সদস্যদের সর্বসম্মতিক্রমে ১১ সদস্য বিশিষ্ট উপদেষ্টা পরিষদ ও ২৫ সদস্য বিশিষ্ট কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়।

উপদেষ্টা পরিষদে আছেন মো সাইফুল ইসলাম বেল্টু, মো আশরাফুল ইসলাম বকুল, মো হাসান আহমেদ, মো গোলাম ফারুক, মাসুদ রানা, খন্দকার মঈনুদ্দিন, মো আনিসুজ্জামান মালিক, মো মজনুর রহমান, ফারুক আহমেদ, মোক্তেদা খাতুন, মনোয়ার হোসেন।

এদিকে জরুরি সভায় সদস্যদের সর্বসম্মতিক্রমে মো সোহাগ হোসেন রাজিব কে সভাপতি, মো মামুন মাহমুদ কে সাধারণ সম্পাদক ও মো আঃ সালাম কে সাংগঠনিক সম্পাদক করে ২৫সদস্যের কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়। সমগ্র অনুষ্ঠানটি প্রাণবন্ত সঞ্চালনা করেন খন্দকার মঈনুদ্দিন।

দামুড়হুদায় সাংবাদিক হাতেম আলীর পিতার মৃত্যু

দামুড়হুদায় সাংবাদিক হাতেম আলীর পিতা দুলাল শেখ ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া….রাজিউন) । আজ রবিবার (২২ ডিসেম্বর) সকাল ১১ টার দিকে দামুড়হুদা সদরের চিতলা গ্রামের নিজ বসতবাড়িতে অসুস্থ জনিত কারনে তিনি ইন্তেকাল করেন।

দামুড়হুদা প্রেসক্লাবের সদস্য সাংবাদিক হাতেম আলীর পিতা দুলাল শেখ (৯৫) এর মৃত্যুতে দামুড়হুদা প্রেসক্লাবের পক্ষ থেকে শোকবার্তা প্রকাশ করা হয়েছে।

মৃত্যুকালে তিন ছেলে ও তিন মেয়ে সহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন তিনি। বাদ আসর গ্রামের কবরস্থানে তার দাফন কার্য সম্পূর্ণ করা হয়।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি শামসুজ্জোহা পলাশ, সাধারণ সম্পাদক তানজির ফয়সাল, সহসভাপতি মিরাজুল ইসলাম মিরাজ, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, নির্বাহী সদস্য

আরিফুল ইসলাম মিলন, সদস্য মাহবুবুর রহমান মনি, দামুড়হুদা সাংবাদিক সমিতির সভাপতি হাফিজুর রহমান কাজল, সাধারণ সম্পাদক শাহাজালাল বাবু, সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান মিলন প্রমূখ।

চুয়াডাঙ্গায় নগদ টাকাসহ প্রায় ২৮ লক্ষাধিক টাকার মোবাইল চুরি

চুয়াডাঙ্গা শহরের নাফি টেলিকম নামে একটি মোবাইল ফোনের দোকানে দুর্ধর্ষ চুরির ঘটনা ঘটেছে। এ ঘটনায় নগদ টাকা ও নতুন মোবাইলফোন সহ প্রায় ২৮ লক্ষাধিক টাকা চুরি গেছে বলে দাবি দোকান মালিকের।

আজ রবিবার সকাল সাড়ে ৭টার দিকে এ চুরির ঘটনা ঘটে। খবর পেয়ে পুলিশের একাধিক ইউনিট ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

পুলিশ জানায়, রবিবার সকাল সাড়ে ৭টার দিকে চোরচক্রের সদস্যরা শহরের শহীদ আবুল কাশেম সড়কের নাফি টেলিকমের তালা ভেঙে দোকানে প্রবেশ করে। সিসিটিভি ক্যামেরার বাইরের সংযোগ বিচ্ছিন্ন করে নগদ ৭ লাখ টাকাসহ বেশ কয়েকটি নতুন মোবাইলফোন চুরি করে নিয়ে যায়। পরে দোকান থেকে বেড়িয়ে তারা সার্টারে আবার নতুন তালা লাগিয়ে সটকে পড়ে। এতে প্রায় ২৮ লাখ টাকার মালামাল চুরি হয়ে গেছে বলে দাবি করেছে দোকান মালিক।

নাফি টেলিকমের সত্বাধিকারী মাইনুল হাসান রিপন জানান, তালা কেটে চুরির পর দোকানে আবার নতুন তালা লাগিয়ে চলে যায়। পরে দোকান খুলতে গিয়ে খুলতে না পেরে পুলিশকে খবর দেয়া হয়। পুলিশ আবার তালা ভেঙে দোকানে ঢুকে সবকিছু তছনছ অবস্থায় দেখতে পায়।

চুয়াডাঙ্গা সদর থানার ওসি খালিদ হোসেন জানান, এ ঘটনায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে। সিসিটিভি ক্যামেরার ফুটেজ পর্যালোচনা করে চোর শনাক্তে পুলিশের একাধিক দল কাজ করছে।

[redacted]

[redacted]